# BENGALI (HONS./PG) [CODE-04]

## বাংলা (সাম্মানিক/স্নাতকোত্তর) [CODE-04]

[পরীক্ষার সময়সীমা ৬০ মিনিট। প্রশ্নপত্রের পূর্ণ মানাঙ্ক ৪০। প্রশ্নপত্রে প্রদত্ত ২০টি প্রশ্নের প্রত্যেকটির উত্তর দিতে হবে; প্রতিটি প্রশ্নের মানাঙ্ক ২; বর্ণনামূলক বা বিশ্লেষণধর্মী উত্তরের ক্ষেত্রের প্রতিটি উত্তর কমবেশি ৪০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।]

**১। পাঠ্যপুস্তক (TEXT) নির্ভর প্রশ্ন :**

[পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষৎ-প্রকাশিত 'পাঠসংকলন' (সর্বশেষ সংস্করণ) এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ প্রকাশিত বাংলা 'ক' ভাষার দুটি সংকলন : (১) গদ্য (২) কবিতা ও নাটক অবলম্বনে প্রশ্ন রচিত হবে।]

**(ক) প্রশ্নের বিষয় :**

রচয়িতার পরিচয়, বিষয়বস্তু, রসবৈশিষ্ট্য নির্দেশ, আখ্যান নির্ভর রচনার ক্ষেত্রে পূর্বোক্ত বিষয়গুলিসহ চরিত্রবৈশিষ্ট্য নির্ধারণ।

(খ) উদ্ধৃত অংশের ভিত্তিতে বিশেষ টীকা/ব্যাখ্যা/ভাষাগত প্রশ্ন।

**২। সাহিত্যের ইতিহাস :**

**(ক) প্রাচীন ও মধ্যযুগ (দশম—অষ্টাদশ শতক)**

(i) প্রাচীন ও মধ্যযুগের প্রধান প্রধান ঐতিহাসিক ঘটনা এবং ওই পর্বের সাহিত্যবিকাশে ওইসব ঘটনার প্রভাব।

(ii) কাব্যের আবির্ভাব ও প্রকাশকাল; কাব্যধারার প্রধান প্রধান কবির পরিচয়; কাব্যের বিষয়বস্তু ও বৈশিষ্ট্য; ঐতিহাসিক গুরুত্ব।

[বিষয় : চর্যাপদ; শ্রীকৃষ্ণকীর্তন; মঙ্গলকাব্য; অনুবাদ কাব্য; বৈষ্ণব পদাবলি; চৈতন্যজীবনীকাব্য; আরাকান রাজসভার আনুকূল্যে রচিত কাব্য; শাক্ত পদাবলি; ময়মনসিংহ গীতিকা; বাউল গান]

**(খ) আধুনিক যুগ (উনবিংশ—বিংশ শতক)**

(i) আধুনিক যুগ পর্বের প্রধান প্রধান ঐতিহাসিক ঘটনা এবং এই পর্বের সাহিত্যবিকাশে তার প্রভাব।

(ii) রচয়িতার জীবৎকাল বিশিষ্টতা; রচনা ও গ্রন্থের নাম, প্রথম প্রকাশকাল, বিষয়বস্তু, আখ্যাননির্ভর রচনার ক্ষেত্রে : চরিত্র; সাময়িক পত্রের ক্ষেত্রে : প্রথম প্রকাশকাল, ঐতিহাসিক গুরুত্ব, সম্পাদকের নাম।

[বিষয় : গদ্য/প্রবন্ধ সাহিত্য, সাময়িক পত্র (দিগ্‌দর্শন থেকে 'কল্লোল' পর্যন্ত), কথা সাহিত্য; নাট্যসাহিত্য; কাব্যসাহিত্য।]

(খ) উদ্ধৃত অংশের ভিত্তিতে বিশেষ টীকা/ব্যাখ্যা/ভাষাগত প্রশ্ন।

**৩। সাহিত্যের রূপ-রীতি (Genre) :**

কাব্য : মহাকাব্য, গীতিকবিতা, সনেট

নাটক : ট্রাজেডি; কমেডি, প্রহসন; একাঙ্ক, পৌরাণিক; ঐতিহাসিক; সামাজিক; রূপক-সাংকেতিক

উপন্যাস : সামাজিক; আঞ্চলিক; ঐতিহাসিক

ছোটোগল্প : রূপবৈচিত্র্য

প্রবন্ধ : বস্তুগত; ব্যক্তিগত



www.jobsandhan.com

৪। ব্যাকরণ :

(ক) ভাষা-উপভাষার সম্পর্ক। বাংলা কথ্য উপভাষা। বাংলা লেখ্য উপভাষা : পদ্য ও গদ্য (সাধু ও চলিত) বৈশিষ্ট্য, পার্থক্য, রূপান্তর।

(খ) ধ্বনিতত্ত্ব :

(i) বাংলা স্বর ও ব্যঞ্জনধ্বনির পরিচয় ও শ্রেণিবিভাগ

(ii) বাংলায় ধ্বনি পরিবর্তনের কয়েকটি বিশিষ্ট নিয়ম [স্বরভক্তি/বিপ্রকর্ষ; স্বরসংগতি; অপিনিহিতি; অভিশ্রুতি; সমীভবন; নাসিক্যভবন; মূর্ধন্যীভবন; অল্পপ্রাণীভবন; মহাপ্রাণীভবন, ঘোষীভবন; ধ্বনিবিপর্যয় (metathesis); সমাক্ষরলোপ (haplology); সাদৃশ্য (analogy)]

(iii) সন্ধি ও সন্ধিবিচ্ছেদ (পাঠ্যপুস্তক-নির্ভর)।

(গ) রূপতত্ত্ব :

(i) কারকবিভক্তি ও অনুসর্গ

(ii) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয়

(iii) প্রকৃতিপ্রত্যয় নির্ণয়

(iv) ধাতু ও ক্রিয়াপদের বৈচিত্র্য

(ঘ) শব্দভাণ্ডার :

উৎপত্তি অনুসারে প্রদত্ত শব্দের বর্গ [তৎসম, অর্ধতৎসম, তদ্ভব, আগন্তুক, দেশি, সংকর] নির্ণয়

(ঙ) বাক্য :

(i) গঠন ও অর্থ অনুসারে বাক্যের রূপান্তর

(ii) বাচ্য-বাচ্যান্তর

(iii) প্রকৃতিপ্রত্যয় নির্ণয় একই বিশেষ্য ও ক্রিয়াকে বিভিন্ন অর্থে ব্যবহার করে ভিন্ন ভিন্ন বাক্যগঠন

(iv) ধাতু ও ক্রিয়া প্রচলিত বাংলা বাগ্‌ধারা অবলম্বনে বাক্যগঠন

(চ) শব্দার্থতত্ত্ব :

(i) অর্থ পরিবর্তনের প্রধান প্রধান কারণ

(i) অর্থ পরিবর্তনের বিভিন্ন ধারা : (১) অর্থবিস্তার, (২) অর্থসংকোচ এবং (৩) অর্থসংক্রম বা অর্থসংশ্লেষ

www.jobsandhan.com